



মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন
সুনামগঞ্জ জেলা কার্যালয়

৩০/১১/২০১৮
সি.এ.সি.সি.
২/১১/১৮


স্মারক নং : ১৮৪/ইফাসু/মউশিক/কে:শি:কা:/৬ষ্ঠ পর্যায়/২০১৮/ ১৩৫৪

তারিখ : ২২/১১/২০১৮ ইং।

কেন্দ্র শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের (৬ষ্ঠ পর্যায়) আওতায় (প্রকল্প দপ্তরের পত্র সূত্র নং-১৬.০১.০০০০.০২৫. ১৯.১৩০.১৪.৫৮(৬৪), তারিখ-১৮/১১/২০১৮ খ্রি.এর আলোকে) ২০১৯ শিক্ষাবর্ষের জন্য সুনামগঞ্জ জেলাধীন ১১টি উপজেলার বিভিন্ন ইউনিয়নে কিছু সংখ্যক সহজ কুরআন শিক্ষা ও প্রাক-প্রাথমিক শিক্ষা-কেন্দ্র স্থাপন করা হবে। প্রস্তাবিত কেন্দ্রে কেন্দ্র-শিক্ষক হিসাবে দায়িত্ব পালন করতে আগ্রহী ব্যক্তি/ ব্যক্তিদের নিকট থেকে নিম্নে উল্লেখিত শর্তাবলী/ নীতিমালা অনুসরণে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।


- ১। আবেদনকারীকে নির্দিষ্ট ফরমে স্বহস্তে লিখে আবেদন করতে হবে। আবেদনপত্র ফরমের নমুনা কপি/ফটোকপি মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় স্ব স্ব উপজেলা মডেল রিসোর্স সেন্টার হতে সংগ্রহ করা যাবে।
- ২। আবেদনকারীর বয়স ৩১/১২/২০১৮ ইং তারিখে ন্যূনতম ১৮ বছর পূর্ণ হতে হবে। সর্বোচ্চ বয়স ৬০ বছর পর্যন্ত।
- ৩। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা: (ক) সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা ন্যূনতম দাখিল/ কওমী ক্ষেত্রে ন্যূনতম কাফিয়া জামাত। কুরআন/ নূরানী প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
- (খ) প্রাক-প্রাথমিক কেন্দ্রের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম দাখিল/ কাফিয়া/ এস.এস.সি। এক্ষেত্রে সহীহভাবে কুরআন তেলাওয়াত জানা থাকা আবশ্যিক। সর্বক্ষেত্রে অবশ্যই সুলভতার অনুসারী হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার, কর্ম অভিজ্ঞতা (যদি থাকে) ও অন্যান্য আনুষঙ্গিক যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত করার প্রয়োজন নেই) জমা দিতে হবে। (মোবাইলে তোলা অস্পষ্ট ছবি গ্রহণযোগ্য নয়।)
- ৫। আবেদনপত্রে প্রস্তাবিত কেন্দ্রের স্থান হিসাবে মসজিদ/মসজিদ সংলগ্ন মজবুত পূর্ণ নাম ও ঠিকানা লিখতে হবে।
- ৬। যে সব ইউনিয়নে ২০১৮ শিক্ষাবর্ষে কেন্দ্র সংখ্যা তুলনামূলকভাবে কম কিংবা যেসব গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয়/ এবতেদায়ী মাদ্রাসা নেই কিংবা দূরবর্তী স্থানে রয়েছে সেসব গ্রামকে / হাওরপাঁড়ের দূরবর্তী গ্রাম গুলোতে কেন্দ্র স্থাপন অগ্রাধিকার দেওয়া হবে।
- ৭। আবেদনপত্রের সাথে প্রাক-প্রাথমিক কেন্দ্রের জন্য প্রস্তাবিত ৩০ জন (৪-৫ বছর বয়সী), সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য প্রস্তাবিত ৩৫ জন (৬-১২ বছর বয়সী) শিক্ষার্থীর নামের তালিকা মসজিদ কমিটির প্রত্যয়ন সহ জমা দিতে হবে। তবে সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের ক্ষেত্রে মাদ্রাসায় পড়োয়া কোন শিক্ষার্থীর নাম অন্তর্ভুক্ত করা যাবে না। প্রস্তাবিত শিক্ষার্থীদের নামের তালিকায় কেন্দ্রের স্থানের নাম, শিক্ষার্থীর নাম, পিতার নাম ও শিক্ষার্থীর বয়স উল্লেখ করতে হবে।
- ৮। কেন্দ্র শিক্ষকের মাসিক সম্মানী ৪৫০০/- টাকা ও বার্ষিক ২টি ইনসেন্টিভ রয়েছে।
- ৯। আবেদনপত্র আগামী ০২/১২/২০১৮ খ্রি.তারিখ, রবিবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অবশ্যই স্ব স্ব উপজেলা মডেল রিসোর্স সেন্টার কাম সাব-অফিসে জমা দিতে হবে। সুনামগঞ্জ সদর উপজেলার ক্ষেত্রে আবেদনপত্র ইসলামিক ফাউন্ডেশন সুনামগঞ্জ জেলা কার্যালয়ের মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা শাখায় জমা দেওয়া যাবে।



(মোঃ আবু হিদ্দিকুর রহমান)
উপ পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ
তারিখ : ২২/১১/২০১৮ ইং।

স্মারক নং : ১৮৪/ইফাসু/মউশিক/কে:শি:কা:/৬ষ্ঠ পর্যায়/২০১৮/১৩৫৪

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে/ ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো:-

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ ও সভাপতি, জেলা মনিটরিং কমিটি, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, সুনামগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার,  উপজেলা ও সভাপতি, উপজেলা মনিটরিং কমিটি, সুনামগঞ্জ।
- ৩। ফিল্ড সুপারভাইজার / মডেল কেয়ারটেকার, মডেল রিসোর্স সেন্টার, মউশিক, উপজেলা।
- ৪। সাধারণ কেয়ারটেকার, সাধারণ রিসোর্স সেন্টার, সুনামগঞ্জ। (ক্রম ৩-৪ কে বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে বিশেষত: যেসব প্রত্যন্ত গ্রামে কেন্দ্র নেই/ইউনিয়নে কেন্দ্র সংখ্যা তুলনামূলকভাবে কম সেসব এলাকায় স্থানীয় প্রচারের ব্যবস্থা নিতে বিশেষভাবে নির্দেশ দেওয়া গেল)
- ৫।
- ৬। ইসলামিক ফাউন্ডেশন নোটিশ বোর্ড/ সংশ্লিষ্ট নথি/ গার্ড ফাইল।


(মোঃ আবু হিদ্দিকুর রহমান)
উপ পরিচালক